




ভর্তি, ভর্তি বাতিল ও ভর্তির আবেদন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

- ১। ১৮/০৭/২০১৭ তারিখে প্রকাশিত ভর্তির ফলাফলে নির্বাচিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি প্রদান এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক চূড়ান্ত নিশ্চায়নের সময়সীমা আগামী ২৩/০৭/২০১৭ তারিখ পর্যন্ত বর্ধিত করা হল।
- ২। যেসব শিক্ষার্থী আগামী ২৩/০৭/২০১৭ তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হবে না - তাদের ভর্তির আবেদন, নির্বাচন এবং প্রাথমিক নিশ্চায়ন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।
- ৩। যেসব শিক্ষার্থী ভর্তি বাতিল করতে ইচ্ছুক - তারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে আবেদনের মাধ্যমে আগামী ২২/০৭/২০১৭ তারিখ থেকে ২৪/০৭/২০১৭ তারিখ পর্যন্ত ভর্তি বাতিল করতে পারবে।
- ৪। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে আগামী ২২/০৭/২০১৭ তারিখ থেকে ২৪/০৭/২০১৭ তারিখ পর্যন্ত অন-লাইনে ভর্তি বাতিল করবে এবং শিক্ষার্থীদের প্রাপ্য অর্থ ও জমাকৃত কাগজপত্রের মূলকপি ফেরত দিবে।
- ৫। আগামী ২৫/০৭/২০১৭ তারিখে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য আসনের (Shift-Version-Group অনুযায়ী) তালিকা ভর্তির ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এ প্রদর্শন করা হবে।
- ৬। প্রতিষ্ঠানভিত্তিক শূন্য আসনে ভর্তির জন্য আগামী ২৫/০৭/২০১৭ তারিখ বিকাল ৫:০০ টা থেকে ২৮/০৭/২০১৭ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অন-লাইনে ভর্তির আবেদন গ্রহণ করা হবে এবং আগামী ৩০/০৭/২০১৭ তারিখে ফলাফল প্রকাশ করা হবে।
- ৭। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/= টাকা আগামী ৩১/০৭/২০১৭ তারিখ থেকে ০২/০৮/২০১৭ তারিখ পর্যন্ত প্রদান করতে পারবে।
- ৮। শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে আগামী ৩১/০৭/২০১৭ তারিখ থেকে ০২/০৮/২০১৭ তারিখ পর্যন্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের চূড়ান্ত নিশ্চায়ন সম্পন্ন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


২০/৭/১৭
(তামল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর